দৈনিক

# ইত্তেফাক

তারিখ 17 SEP 2017
পৃষ্ঠা ১৩ কলাম ২

# রামগতিতে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মোবাইল ব্যবহার নিষিদ্ধ

■ রামগতি (লক্ষ্মীপুর) সংবাদদাতা

রামগতিতে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের মোবাইল ফোন ব্যবহার নিষিদ্ধ করেছে উপজেলা প্রশাসন।

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি সভার সিদ্ধান্ত অনুযায়ী কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা আজগর আলী স্বাক্ষরিত এক পত্রে উপজেলার ১৭টি উচ্চ বিদ্যালয়, ১৪টি মাদ্রাসা ও ৯৬টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধানদের ওই নিষেধাজ্ঞার নির্দেশনা দেওয়া হয়েছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা আজগর আলী জানান, আগস্ট মাসের আইন-শৃঙ্খলা সভায় থানার ওসি ও ইউনিয়ন-পরিষদের চেয়ারম্যানরা জানান, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীরা মোবাইল ফোন ব্যবহার করে অপরিণত বয়সে প্রেমের সম্পর্কে জড়িয়ে পড়ছে। এ সম্পর্কের সূত্র ধরে তারা পালিয়ে বিয়ে করছে। এতে বাল্যবিবাহ প্রতিরোধ কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়া বিদ্যালয়ের আঙিনা এবং শ্রেণিকক্ষে মোবাইল ফোন নিয়ে ব্যস্ত থাকায় তারা খারাপ অভ্যাসে জড়িয়ে যাচ্ছে এবং শিক্ষার পরিবেশও ব্যাহত হচ্ছে। এসব কারণে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের মোবাইল ফোন ব্যবহার নিষিদ্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একই সঙ্গে রাত ৮টার পর জরুরি প্রয়োজন ছাড়া ছাত্র-ছাত্রীদের বাড়ির বাইরে অবস্থান না করা এবং সব ধরনের কোচিং বন্ধ রাখার নির্দেশনা দেওয়া হয়েছে। কেউ এ নিষেধাজ্ঞা ও নির্দেশনা অমান্য করলে তার বিরুদ্ধে শিক্ষা প্রতিষ্ঠানকে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানানো হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এস.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর